

সমাজ ও রাষ্ট্রের আয়না হিসেবে বিবেচনা করা হয় গণমাধ্যমকে। যেখানে তাকালেই দেখা যায় সমাজ ও রাষ্ট্রের প্রতিচ্ছবি। আর এ আয়নায় সুন্দর সমাজের প্রতিচ্ছবি দেখার স্বপ্ন দেখেন নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) একঝাঁক স্বপ্নবাজ তরুণ-তরুণী। তারা সবাই এনএসইউ মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (এমসিজে) প্রোগ্রামের শিক্ষার্থী। তাদের কাছে সাংবাদিকতা শুধু পেশা নয়, বরং একটি ব্রত। তারা শুনিয়েছেন এনএসইউর এমসিজে প্রোগ্রাম বেছে নেয়ার কারণসহ তাদের ভবিষ্যৎ পরিকল্পনার কথা।

যেমন সংবাদকর্মী হতে চান তারা



ফারিহা ফাইরুজ আনিকা

প্রকৃত সত্য মানুষের সামনে তুলে ধরতে চাই

বিশ্বব্যাপী রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক, ধর্মীয়, বিজ্ঞানভিত্তিক, উদ্ভাবনীমূলক মোটকথা সমসাময়িক চলমান সব ঘটনাপ্রবাহকে সঠিকভাবে বিশ্লেষণ করে সবার সামনে তুলে ধরেন একজন সাংবাদিক। সব সময় ইচ্ছা ছিল এমন একটি বিষয়ে পড়াশোনা করা যেখান থেকে নিজের চিন্তাশক্তি এবং বিশ্লেষণ ক্ষমতাকে কাজে লাগানো যায়। সোশ্যাল মিডিয়ার এ যুগে আমরা দেখতে পাই কঁতে দ্রুত সংবাদ ছড়িয়ে পড়ে বিশ্বের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে। আমি এ পেশা বেছে নিয়েছি কারণ আমি বিষয়গুলো গভীরভাবে পর্যালোচনা করতে পছন্দ করি এবং সঠিক যুক্তি, ডেটাসহ গঠনমূলক সমালোচনার মাধ্যমে প্রকৃত সত্যকে মানুষের সামনে তুলে ধরতে চাই। স্বপ্ন দেখি একদিন আমার দেশে বিশ্বমানের সংবাদমাধ্যম তৈরি হবে। যেমনটা বিবিসি, আল জাজিরা কিংবা সিএনএন। যারা বিশ্বের সামনে সাংবাদিকতায় মাইলফলক হিসেবে প্রতিষ্ঠিত হতে পেরেছে। ভবিষ্যতে নিজেকে একজন প্রথম সারির সাহসী সাংবাদিক হিসেবে প্রমাণ করতে চাই।

সমাজের গঠনমূলক উন্নয়নে ভূমিকা রাখতে চাই

ছোট থেকেই আমার নতুন মানুষের সঙ্গে পরিচিত হতে এবং বন্ধুত্ব করতে ভালো লাগে। এ ভালো লাগার কারণ মূলত আমার বাবা-মার সরকারি চাকরি। নির্দিষ্ট সময় পরপর বদলি হতে হয়। এজন্য তাদের সঙ্গে আমাকেও নতুন স্কুল, নতুন পরিবেশ এবং নতুন মানুষের সঙ্গে মিশতে হতো আর এ ভালো লাগাটা তখন থেকেই। সাংবাদিকতা এমন একটি পেশা যেখানে আমি সরাসরি সাধারণ মানুষদের সঙ্গে কাজ করার পাশাপাশি সমাজের গঠনমূলক উন্নয়নে ভূমিকা রাখতে পারব। আমার ইচ্ছা মূলত মূলধারার সাংবাদিকতা কিংবা পাবলিক রিলেশন অফিসার হওয়া। আমাদের শিক্ষকরা অনেক অভিজ্ঞ ও হেল্পফুল। তারা প্রত্যেকেই এ বিষয়ে পিএইচডিধারী এবং বিশেষ পারদর্শী। সবকিছু আমাদের হাতেকলমে শেখানোর চেষ্টা করেন। মিডিয়া কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজমে পড়াশোনা করে ক্যারিয়ারের সফল হওয়ার অব্যবহিত সুযোগ রয়েছে। এ সেক্টরে তুলনামূলক প্রতিযোগিতা কম ও সম্ভাবনাও অনেক বেশি। শুধু বাংলাদেশেই নয়, সারা বিশ্বেই এ সেক্টরে কাজ করার অব্যবহিত সুযোগ রয়েছে।



কাউসার আল আমিন



এস এম শারমীন জাহান

অনুসন্ধানী কিংবা ক্রীড়া সাংবাদিকতা আমার স্বপ্ন

স্নাতক পর্যায়ে পড়ার বিষয় হিসেবে সাংবাদিকতা সবসময়ই আমার পছন্দের শীর্ষে ছিল। তবে আমি কোন বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করার সে ব্যাপারে নিশ্চিত ছিলাম না। 'এ' লেভেল সম্পন্ন করার পর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা প্রোগ্রামের শিক্ষকদের তালিকা তুলনা করা শুরু করি। দেখার চেষ্টা করি কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বেশি যোগ্যতাসম্পন্ন, কাদের এ বিষয়ে উচ্চতর ডিগ্রিসহ গবেষণায় উল্লেখযোগ্য অবদান রয়েছে। এনএসইউর এমসিজে প্রোগ্রাম সেরা এবং শিক্ষকরা সবচেয়ে যোগ্য। ছয়জন শিক্ষকের মধ্যে পাঁচজনই বিশ্বের বিভিন্ন শীর্ষ বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রিধারী। একজন বিদেশী শিক্ষকও রয়েছেন। বিদেশের বিখ্যাত বিশ্ববিদ্যালয়গুলোর সঙ্গেও এনএসইউর এমসিজে রয়েছে যেখানে আমি আমার স্নাতকোত্তর সম্পন্ন করতে পারব। এসব বিবেচনায় আমি এনএসইউর এমসিজে প্রোগ্রাম বেছে নিই। অনুসন্ধানী সাংবাদিকতা কিংবা ক্রীড়া সাংবাদিকতায় ক্যারিয়ার গড়াই আমার স্বপ্ন। আর এনএসইউ এমসিজে পাঠ্যক্রমে উভয় বিষয়েই আলাদা কোর্স রয়েছে। অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় এনএসইউ বেছে নেয়ার জন্য এটিও আরেকটি কারণ।